ভোরের কাগজ

DEC. 05 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ৩৭ কলাম ...১...

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির দাবি

# অবিলম্বে শিক্ষা প্রতিষ্ঠানে হামলা খুন, দখল বন্ধ করতে হবে

রাজশাহী প্রতিনিধি : জোট সরকার ক্ষমতা গ্রহণের পর থেকে দেশের শিক্ষা প্রতিষ্ঠানে হামলা, খুন, দখলের মাত্রা যে সীমা ছাড়িয়ে গেছে বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি শাখার নেতৃবৃন্দ তা অবিলম্বে বন্ধের দাবি জানিয়ে জানিয়েছেন।

রাজশাহী মহানগরীর শাহ মখদুম কলেজে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে গত রোববার শিক্ষক নেতৃবৃন্দ বলেছেন বিভিন্ন বিশ্ববিদ্যালয়, মহাবিদ্যালয় এবং স্কুলের প্রধানের পদগুলো বর্তমান সরকার আমলে চর দখলের মতোই দখল করা হচ্ছে। শিক্ষক, অধ্যক্ষদের খুন করা হচ্ছে। কিন্তু এসব কেন? শিক্ষক হিসেবে আমরা তো কোনো দল করি না। আমরা শিক্ষা প্রতিষ্ঠানকে নিরপেক্ষ প্রতিষ্ঠান হিসেবে দেখতে চাই। একবিংশ শতাব্দির উপযুক্ত করে জাতিকে গড়ে তুলতে হলে অবশ্যই শিক্ষাঙ্গনকে রাজনীতিমুক্ত রাখতে হবে।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির কেন্দ্রীয় মানব সম্পদ বিষয়ক সম্পাদক অধ্যাপক শফিকুর রহমান বাদশা। সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন সমিতির কেন্দ্রীয় সহ-সভাপতি অধ্যাপক সাইদুর রহমান, শিক্ষক নেতা অধ্যাপক মোল্লা সোহরাবুল হাসান উপাধ্যক্ষ আব্দুল বারী প্রমুখ।

শিক্ষক নেতৃবৃন্দ হুঁশিয়ারি উচ্চারণ করে বলেন, 'শিক্ষক কল্যাণ ফাণ্ড' বন্ধের যে কোনো ষড়যন্ত্র শিক্ষকরা বুকের রক্ত দিয়ে হলেও রুখবে। নেতৃবৃন্দ বেসরকারি স্কুল-কলেজের শিক্ষক নিয়োগের কমিশন আশু বাস্তবায়ন ও শিক্ষকদের বেতনের সরকারি অংশের টাকা ১০০ ভাগে উন্নীত করার দাবি জানান।

এদিকে রাজশাহী মহানগরীর অনতিদূরে অবস্থিত বানেশ্বর কলেজটি গত রোববার ছাত্রদলের সশস্ত্র ক্যাডাররা দখল করে নিয়েছে। তারা অস্ত্রের মুখে প্রবীন শিক্ষক অধ্যক্ষ আব্দুল জলিলকে তার পদত্যাগপত্র লিখে দিতে বাধ্য করে। এ ব্যাপারেও বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি রাজশাহী শাখা তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে।